# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 17-01-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১. প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদা থেকে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করেছেন। ট্রেনটি হাওড়া থেকে কামাখ্যা ও কামাখ্যা থেকে হাওড়ার মধ্যে যাতায়াত করবে।

২. ঝাড়খণ্ডে এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু ও বিহারে এক পরিযায়ী শ্রমিককে মারধরের প্রতিবাদে আজও মুর্শিদাবাদের বেলডাঙ্গার পরিস্থিতি উত্তপ্ত। সড়ক ও রেল অবরোধের জেরে ভোগান্তিতে সাধারণ মানুষ।

৩। নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, পশ্চিমবঙ্গে একটি নির্দিষ্ট কেন্দ্রের নথিভুক্ত ভোটার যত খুশী সাত নম্বর ফর্ম জমা দিতে পারেন।

৪. ২০১২ সালের টেট পরীক্ষায় উত্তীর্ণ হলেও পাশের সার্টিফিকেট ছিল না, এমন প্রায় ১৮ হাজার শিক্ষকের তালিকা প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা পর্যদ।

৫. সাড়া রাজ্যের আগামীকাল থেকে তাপমাত্রা কিছুটা বাড়ার সম্ভাবনা।

oooooooooooooooooooooo

দেশের উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে বিভিন্ন প্রান্তের রেল যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় করার লক্ষ্যে একগুচ্ছ দূরপাল্লার ট্রেনের সূচনা ও বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সফরে আজ মালদা এসে পৌঁছেছেন। অসম সফরও করবেন তিনি। মালদা টাউন স্টেশন থেকে হাওড়া কামাখ্যা রুটে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করেছেন তিনি।

এরপর একটি জনসভা থেকে তিনি ৩ হাজার ২৫০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল ও সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

আগামীকাল প্রধানমন্ত্রী কামাখ্যা-রোহতক ও ডিব্রুগড়-গোমতীনগরের মধ্যে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনেরও সূচনা করবেন। এই পরিষেবাগুলির ফলে উত্তর পূর্ব ও উত্তর ভারতের মধ্যে রেল যোগাযোগের ব্যবস্থা শক্তিশালী এবং জনসাধারণের ভ্রমণও আরও সুবিধাজনক হবে। রেল সূত্রে আরও জানানো হয়েছে, সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত বন্দেভারত স্লিপার ট্রেনটি ভ্রমণের সময় আড়াই ঘন্টা কমানো হয়েছে এবং পাশাপাশি সাশ্রয়ী মূল্যে যাত্রীদের বিমান যাত্রার স্বাচ্ছন্দ্য দিতে এটি প্রস্তুত।

এই ট্রেনটি সপ্তাহে ছদিন চলাচল করবে। কামাখ্যা থেকে প্রতি বুধবার এবং হাওড়া থেকে বৃহস্পতিবার বাদে অন্যান্য দিনগুলিতে এটি চলবে।

হাওড়া-কামাখ্যা এই রেল যাত্রা, ধর্মীয় ভ্রমণ ও পর্যটনে উৎসাহিত প্রদান করবে বলে আশা। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন, স্লিপার ট্রেনের মাধ্যমে এক নতুন যাত্রা শুরু হল।

(বাইট – অশ্বিনী বৈষ্ণ)

এছাড়াও প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে চারটি বড় রেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন যার মধ্যে রয়েছে বালুরঘাট-হিলি নতুন রেললাইন, নিউ জলপাইগুড়ির আধুনিক পণ্যবাহী ট্রেন রক্ষণাবেক্ষণ কেন্দ্র, শিলিগুড়ি লোকোশেডের আধুনিকীকরণ এবং জলপাইগুড়িতে বন্দেভারত ট্রেনের রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ব্যবস্থাপনার উন্নয়ন।

নিউ কোচবিহার থেকে বামনহাট এবং বক্সিরহাট রেললাইনের বৈদ্যুতিকরণও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি। এর পাশাপাশি নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-এসএনভিটি বেঙ্গালুরু এবং আলিপুরদুয়ার-মুম্বই পানভেল অমৃত ভারত এক্সপ্রসে – এই চারটি অমৃতভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রারও সূচনা করবেন তিনি।

এছাড়াও এলএইচবি কোচযুক্ত রাধিকারপুর এসএনবিটি বেঙ্গালুরু, বালুরঘাট এসএনবিটি বেঙ্গালুরু এই দুটি নতুন এক্সপ্রেস ট্রেন পরিষেবারও উদ্বোধন করবেন তিনি।

সড়ক প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ জাতীয় সড়কের ধুপগুড়ি ফালাকাটা অংশের পুনর্র্মিমাণ ও চার লেনে উন্নীতকরণ প্রকল্পেরও শিলান্যাস করবেন তিনি।

আগামীকাল দুপুর তিনটে নাগাদ প্রধানমন্ত্রী হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

আগামীকালই কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। এছাড়াও বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে।

এদিকে, সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, মালদায় আজকের অনুষ্ঠানে হাওড়া ও গুয়াহাটির মধ্যে প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যে সূচনা হবে তাতে তিনি অত্যন্ত আনন্দিত। পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামো আরও শক্তিশালী করতে তারা প্রতিশ্রুতিবদ্ধ বলেও শ্রী মোদী স্পষ্ট জানান। এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করে তিনি বলেন, প্রত্যেকদিন কোনো না কোনো ক্ষেত্রে এই সরকারের অপশাসনমূলক কাজে রাজ্যের মানুষ তিতিবিরক্ত। তারা বিজেপি

নেতৃত্বাধীন উন্নয়নমুখী সরকারের পক্ষে আগামী বিধানসভা নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন বলেও শ্রী মোদী জানান। বিজেপির সমাবেশে আজ তিনি মালদা ও পার্শ্ববর্তী এলাকার মানুষের কাছে যাওয়ার যে সুযোগ পাবেন, তারও অপেক্ষায় রয়েছেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

oooooooooooooooooooooo

ঝাড়খন্ডে পরিযায়ী শ্রমিকের মৃত্যু এবং বিহারে পরিযায়ী শ্রমিককে মারধোরের প্রতিবাদে গতকালের পর আজ আবারও অশান্ত মুর্শিদাবাদের বেলডাঙা। জতীয় সড়ক ও রেল লাইনে অবরোধের জেরে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ মানুষ। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – মামুন)

oooooooooooooooooooooo

এদিকে,গতকাল মুর্শিদাবাদের বেলডাঙ্গায় বিভিন্ন সংবাদ মাধ্যমের সাংবাদিকদের নিগ্রহের প্রতিবাদে, আজ মেদিনীপুর শহরে ধিক্কার মিছিল পালন করল জেলায় কর্মরত সাংবাদিকরা।

আজ দুপুরে মেদিনীপুর শহরের রাজাবাজার এলাকা থেকে জেলাশাসকের কার্যালয় পর্যন্ত একটি মিছিল করে ঐ ঘটনার প্রতিবাদ জানানো হয়। পরে জেলাশাসকের কার্যালয়ের বাইরে অবস্থান বিক্ষোভ করা হয়।

oooooooooooooooooooooo

আগেই জানানো হয়েছে, মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিক আলাউদ্দীন শেখের ঝাড়খন্ডে অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙা এলাকা গতকাল রণক্ষেত্র হয়ে ওঠে। জাতীয় সড়ক ও বেলডাঙা স্টেশন অবরোধ করা হয়। ফলে ব্যাহত হয় যান ও ট্রেন চলাচল। অবরোধের জেরে তৈরি হয় দীর্ঘ যানজট। আটকে পড়ে শতাধিক বাস ও

পণ্যবাহী ট্রাক। পরিস্থিতি সামাল দিতে এলাকায় মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

এদিকে, ঘটনার খবর করতে গিয়ে একটি বেসরকারি টি ভি চ্যানেলের এক মহিলা সাংবাদিক নিগৃহীত হন বলে অভিযোগ। মারধর করা হয় তার ক্যামেরাম্যানকেও। পরে পুলিশ প্রশাসনের সঙ্গে বিক্ষোভকারীদের দীর্ঘ আলোচনা শেষ অবরোধ তুলে নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে এসআইআর-এ সাত নম্বর ফর্ম নিয়ে তৃণমূল কংগ্রেস ও বিজেপির অভিযোগ পাল্টা অভিযোগের মধ্যে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, একটি নির্দিষ্ট কেন্দ্রের নথিভুক্ত ভোটার যত খুশী এই ফর্ম জমা দিতে পারেন। কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, একজনের জমা দেওয়া ফর্মের সীমা সংখ্যা কোথাও নির্দিষ্ট কার নেই। তবে এর সুযোগ নিয়ে কোনো ব্যক্তি যদি পাঁচের বেশি অভিযোগ পত্র জমা দেন, তাহলে ইআরও-রা বিষয়টির বৈধতা খতিয়ে দেখবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর আবহে পুরসভার জন্ম মৃত্যুর শংসাপত্র পাওয়ার জন্য আবেদনের সংখ্যা উল্লেখযোগ্য হারে বাড়ছে। পুরসভার পক্ষ থেকে হোয়াটসঅ্যাপ চ্যাট বটে slot বুকিং এর  দৈনিক আবেদনের সংখ্যা বাড়িয়ে   করা হয়েছে ২৮০।

এদিকে, কলকাতা পুরসভার কেন্দ্রীয় ভবন, বোরো কার্যালয় ও বাংলা সহায়তা কেন্দ্রগুলিতে এই শংসাপত্র নেওয়ার জন্য বেশকিছু আবেদন জমা পড়ছে।  এর প্রেক্ষিতেই জন্ম মৃত্যুর শংসা পত্রের ভেরিফিকেশন বা যাচাই প্রক্রিয়াও শুরু করেছে কলকাতা পুরসভা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

oooooooooooooooooooooo

২০১২ সালে টেট পরীক্ষায় উত্তীর্ণ হলেও, পাশের সার্টিফিকেট ছিল না, এমন প্রায় ১৮ হাজার শিক্ষকের তালিকা প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে কেন্দ্র টেট পাস করা শিক্ষকদের সংখ্যা জানতে চেয়ে রাজ্যকে সম্প্রতি চিঠি দেয়। প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে, অনেকের কাছেই টেট উত্তীর্ণ হওয়ার সার্টিফিকেট নেই। সেই কারণে তাদের অনুত্তীর্ণ হিসাবে বিবেচনা করা হতে পারে। তার প্রেক্ষিতেই এই তালিকা প্রকাশ। সুপ্রিম কোর্ট গত বছর সেপ্টেম্বরে নির্দেশ দেয় যে, সারা দেশে প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকদের টেট উত্তীর্ণ হতে হবে। যারা এখনও পাশ করেন নি, তারা পরবর্তী দু বছরের মধ্যে পরীক্ষায় পাশ না করলে চাকরী ছাড়তে হবে।

এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রক সুপ্রিম কোর্টের রায়ে কোন রাজ্যে কত শিক্ষক অসুবিধায় পড়তে চলেছেন, তা জানতে চায়। কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের জন্য চাকরি ও আর্থিক সুরক্ষায় কী বন্দোবস্ত করা হচ্ছে, তাও জানাতে বলা হয় রাজ্যগুলিকে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ , রাজ্যের স্কুলগুলির ষষ্ঠ থেকে দশম শ্রেণির পরীক্ষার সূচী ও ২০২৭ সালের মাধ্যমিকের টেস্ট পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। পর্ষদ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ষষ্ঠ থেকে দশম শ্রেণির প্রথম সামেটিভ মূল্যায়ন, পয়লা এপ্রিল থেকে ১১ ই এপ্রিলের মধ্যে স্কুলগুলিকে নিতে হবে। দ্বিতীয় সামেটিভ মূল্যায়ন নিতে হবে পয়লা আগস্ট থেকে ১২ ই আগস্টের মধ্যে। ষষ্ঠ থেকে নবম শ্রেণির তৃতীয় সামেটিভ

পরীক্ষা হবে পয়লা ডিসেম্বর থেকে ১১ ই ডিসেম্বরের মধ্যে। এছাড়া, ২০২৭ মাধ্যমিক পরীক্ষার জন্য টেস্ট পরীক্ষা হবে ১৭ থেকে ৩০ শে নভেম্বরের মধ্যে।

পর্ষদের অধীনে থাকা স্কুলগুলিকে এই সময়সূচী যথাযথ ভাবে মেনে চলার নির্দেশও দেওয়া হয়েছে বিজ্ঞপ্তিতে।

oooooooooooooooooooooo

সারা রাজ্যেই রয়েছে শীতের আমেজ। আগামীকাল থেকে তাপমাত্রা কিছুটা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। ১৯ তারিখ থেকে দিনের তাপমাত্রা বেশ কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন। আজ দক্ষিণবঙ্গে সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় বাঁকুড়া ও কল্যাণীতে ৯.৫° সেলসিয়াস। উত্তরবঙ্গের কোচবিহারে সব থেকে কম সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে নয় দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা রেকর্ড করা হয় ৩.৫° সেলসিয়াস। দক্ষিণ ২৪ পরগনা জেলায় সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল।

oooooooooooooooooooooo

বিশ্বব্যাঙ্ক, রাজ্যের স্বাস্থ্যব্যবস্থায় বড়সড় সংস্কারের লক্ষ্যে ২৮৬ মিলিয়ন মার্কিন ডলার বা প্রায় ২,৩৮০ কোটি টাকার ঋণ অনুমোদন করেছে । ‘ওয়েস্ট বেঙ্গল হেলথ সিস্টেম রিফর্ম প্রোগ্রাম’ নামে এই প্রকল্পের মাধ্যমে ৩০ বছরের ঊর্ধ্বে নাগরিকদের জন্য ব্যক্তি কেন্দ্রিক স্বাস্থ্যপরিষেবা চালু করা হবে ।

বিশ্বব্যাঙ্ক সূত্রে জানা গেছে, এই প্রকল্পের মূল লক্ষ্য রাজ্যজুড়ে ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থার মাধ্যমে উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিসের মতো সংক্রামক নয় এমন রোগ নিয়ন্ত্রণ করা। পাশাপাশি রোগীকেন্দ্রিক চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলা, স্বাস্থ্য পরিষেবার মান পরিমাপের নতুন কাঠামো চালু করা এবং প্রতিকূল পরিস্থিতিতে হাসপাতালগুলির কর্মক্ষমতা বাড়ানোও এই প্রকল্পের আওতাভুক্ত হবে ।

চিকিৎসার পাশাপাশি  নারী ও কিশোরীদের স্বাস্থ্য এবং লিঙ্গভিত্তিক হিংসা প্রতিরোধ কর্মসূচিতেও বিশেষ জোর দেওয়া হয়েছে।

পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, মালদহ এবং উত্তর দিনাজপুর—এই পাঁচ জেলায় মাতৃস্বাস্থ্য, কিশোরী স্বাস্থ্য এবং প্রজনন সংক্রান্ত চিকিৎসা পরিষেবায় বৈষম্য কমানোর উপর বিশেষ নজর  দেওয়া হবে।

বিশ্বব্যাঙ্কের মূল্যায়নে বলা হয়েছে, গত দুই দশকে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য সূচকে উল্লেখযোগ্য উন্নতি করেছে। ২০১০-১২ সালে যেখানে প্রতি হাজার  শিশুর মধ্যে মৃত্যু হতোন৩২ জনের,  ২০১৮-২০ সালে তা কমে দাঁড়িয়েছে ১৯এ। গড় আয়ু ৭২ বছর, যা জাতীয় গড়ের চেয়েও বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে, নার্সের নিপা ভাইরাসে আক্রান্ত হওয়ার পর এপর্যন্ত চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী ও পরিবারের সদস্য সহ মোট ১০৩ জনকে হোম কোয়ারিনন্টাইন বা বাড়িতে নিভৃতবাসে পাঠআনো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জরুরী রক্ষণাবেক্ষণ এর কাজের জন্য আগামীকাল কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু ৮ ঘন্টা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ওই দিন ভোর পাঁচটা থেকে দুপুর একটা পর্যন্ত সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন ভিন্ন পথে ঘুরিয়ে দেওয়া হবে।  কলকাতা পুলিশের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে  এ কথা জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০